



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ২৮.০৫.২০২৩

## প্রেস রিলিজ

### পাবিপ্রবি এবং বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের মধ্যে সমরোতা স্মারক স্বাক্ষরিত

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)-এর মধ্যে একটি সমরোতা স্মারক আজ রবিবার ২৮ মে ২০২৩ বিসিএসআইআর-এর সভাকক্ষে স্বাক্ষরিত হয়েছে।। সমরোতা স্মারক অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের পক্ষে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন এবং বিসিএসআইআর-এর পক্ষে ছিলেন প্রতিষ্ঠানের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আফতাব আলী শেখ। দুপুর আড়াইটায় প্রতিষ্ঠানের সভাকক্ষে অনুষ্ঠানটি সম্পন্ন হয়।



বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ এবং পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মধ্যে সমরোতা স্মারক চুক্তি স্বাক্ষর হয়েছে  
আজ রবিবার ঢাকাটি বিসিএসআইআর মিলনায়তনে।

ছবি ইমরান আহমেদ।

উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন বলেন, বিজ্ঞান একে অপরের সাথে জড়িত। একটি ছাড়া অন্যটি বাঁচতে পারেনা। স্মার্ট বাংলাদেশ তৈরি করতে হলে স্মার্ট জনশক্তি আমাদের গড়ে তুলতে হবে। আমাদেরকে স্বপ্ন দেখতে হবে এবং স্বপ্নকে বাস্তবায়নের জন্য কাজ করতে হবে। এই চুক্তিকে আমরা এগিয়ে নিয়ে যাব। উপাচার্য আগামী ৫ জুন বিশ্ববিদ্যালয় দিবসে বিসিএসআইআর-এর চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আফতাব আলী শেখকে পাবিপ্রবিতে আসার আমন্ত্রণ জানান। তিনি আরও বলেন, এই চুক্তির ফলে শিক্ষক ও গবেষকদের পাশাপাশি পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্রাও উন্নত গবেষণার সুযোগ পাবেন।



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১  
ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

বিসিএসআইআর-এর চেয়ারম্যান বলেন, বিসিএসআইআর-এর মেধাবী বিজ্ঞানী ও অত্যাধুনিক যন্ত্রপাতির সাথে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও ছাত্রদের যৌথ প্রচেষ্টায় দেশের গবেষণা ও নতুন নতুন আবিষ্কারের দিগন্ত উন্মোচিত হবে।

এই চুক্তির আওতায় দুই পক্ষ যেসব কার্যক্রম করবে- উভয় প্রতিষ্ঠান গবেষণা প্রকল্প যৌথভাবে বাস্তবায়ন করবে, জার্নাল বিনিয়ন করতে পারবে, বৈজ্ঞানিক ও কারিগরি তথ্য আদান-প্রদান করতে পারবে, উভয় প্রতিষ্ঠান বৈজ্ঞানিক এবং কারিগরি কনফারেন্স, সেমিনার এবং সিম্পোজিয়াম একসাথে করার সুযোগ পাবে, পোস্ট গ্র্যাজুয়েট, এমফিল এবং পিএইচডি শিক্ষার্থীরা গবেষণা করার সুযোগ পাবে, দুই প্রতিষ্ঠানের গবেষকরা উভয় প্রতিষ্ঠানে পরিদর্শন করতে পারবেন; শিক্ষক, গবেষক, বৈজ্ঞানিক স্টাফ এবং শিক্ষার্থীরা প্রশিক্ষণ গ্রহণ করার সুযোগ পাবেন, যৌথ প্রকাশনা এবং প্রকল্পগুলোর ক্ষেত্রে পেটেন্টের সুবিধা পাবে।

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পক্ষে আরও উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. এসএম মোস্তফা কামাল খান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সালাহু উদ্দীন এবং রেজিস্ট্রার বিজেন কুমার ব্রহ্ম। এবং বিসিএসআইআর-এর পক্ষে উপস্থিত ছিলেন বিসিএসআইআর-এর অতিরিক্ত সচিব জাকির হোসাইন, জ্যেষ্ঠ বিজ্ঞানী সরোয়ার জাহান, শাহ আব্দুল তারিক, নাহিদ শারমিন, ড. শাহিন আজিজ এবং যুগ্ম সচিব হাবিবুর রহমান।

বার্তা প্রেরক

(মো.বাবুল হোসেন)

জনসংযোগ কর্মকর্তা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়